



বিতর্কিত বক্তব্যের জেরে মঞ্জুরুল আহসান মুন্সীকে বহিষ্কার করল বিএনপি



মঞ্জুরুল আহসান মুন্সী। ছবি: সংগৃহীত

দলীয় নীতি ও আদর্শের পরিপন্থী বক্তব্য এবং কর্মকাণ্ডের অভিযোগে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য মঞ্জুরুল আহসান মুন্সীকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। তার প্রাথমিক সদস্যপদসহ সব পর্যায়ের দায়িত্ব বাতিল করা হয়েছে।

মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) রাতে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্ত জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সাম্প্রতিক বক্তব্য ও আচরণ দলীয় শৃঙ্খলার পরিপন্থী হওয়ায় এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

এর আগে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে মুন্সীকে দলীয় প্রার্থীর পক্ষে ভোট না দিলে ভোটারদের বাড়িঘর পুড়িয়ে দেওয়ার হুমকি দিতে দেখা যায়, যা নিয়ে ব্যাপক সমালোচনা তৈরি হয়।

উল্লেখ্য, কুমিল্লা-৪ আসনে ঋণখেলাপির কারণে বিএনপির এই সাবেক সংসদ সদস্যের মনোনয়ন আগেই বাতিল হয়েছিল।

LENS ASIA